

সেপ্টেম্বর ২০২১ মাসের দেওয়ানি মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ জিপি/এজিপিগণের সাথে সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক, সিলেট
সভার তারিখ	১৯ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	বিকাল ৩.৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসক, সিলেট এর সম্মেলনকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত বিজ্ঞ সরকারি কৌসুলি, বিজ্ঞ সরকারি ভিপি কৌসুলি ও সহযোগী সরকারি কৌসুলিগণসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাস্তে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বিজ্ঞ সরকারি কৌসুলি সভাকে অবহিত করেন যে, দেওয়ানি আদালতে প্রায় ৯০০টি স্বত্ব মামলা এবং ল্যান্ড সার্ভে মামলা প্রায় ৩২০০টি চলমান আছে। আগস্ট/২০২১ মাসে দুটি স্বত্ব মামলা ৬২/১৫ (SJ-III), ৪/2019 (SJ-III) এবং ১টি স্বত্ব আপিল মামলা (43/20 (ADJ-III) নিষ্পত্তি করা হয়েছে। তন্মধ্যে স্বত্ব মামলা দুটি সরকার পক্ষে এবং স্বত্ব আপিল মামলাটি সরকার বিপক্ষে রায় হয়েছে।	নিষ্পত্তিকৃত নথিসহ সভায় উপস্থিত থাকতে হবে। বিজ্ঞ কৌসুলিগণকে সরকারি স্বার্থ রক্ষায় আরও আন্তরিকভাবে কাজ করতে হবে।	বিজ্ঞ সরকারি কৌসুলি সিলেট
২	বিগত মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক বিজ্ঞ ভিপি জিপিগণের বকেয়া বরাদ্দ সংক্রান্ত একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিজ্ঞ সরকারি কৌসুলি সভায় উপস্থাপন করেন। তখন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট জানান, বিজ্ঞ ভিপি জিপিগণের বকেয়া বরাদ্দ সংক্রান্ত প্রতিবেদনটি পর্যালোচনা করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	বিজ্ঞ ভিপি জিপিগণ কর্তৃক প্রেরিত বরাদ্দ সংশ্লিষ্ট প্রতিবেদনটি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও রেভিনিউ ডেপুটি কালেক্টর রাজস্ব শাখা, সিলেট

৩	বিজ্ঞ সরকারি কৌশলি সভাকে অবহিত করেন যে, সরকার পক্ষে সাক্ষ্য প্রদানের জন্য ধার্য তারিখ জানানোর পরও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ যথাসময়ে সাক্ষ্য প্রদানে উপস্থিত না হওয়ায় মামলা বিচারে দীর্ঘসূত্রিতা তৈরী হয়। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	সরকার পক্ষে যথাসময়ে সাক্ষ্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), যথাযথভাবে দায়িত্ব পালন করবেন। অন্যথায় দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-কে বহন করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল)
৪	সভাপতি মহোদয় সভায় জানান যে কিছু মামলার জবাব যথসময়ে আদালতে দাখিল করা হচ্ছেনা মর্মে জানা যাচ্ছে। মামলার দফাওয়ারী জবাব সমূহ দ্রুত সহকারী কমিশনার(ভূমি) হতে সংগ্রহ পূর্বক আদালতে দাখিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মামলার দফাওয়ারী জবাবসমূহ সহকারী কমিশনার (ভূমি) হতে সংগ্রহ পূর্বক আদালতে দাখিল করায় বিলম্ব হওয়ায় কোন ব্যক্তিগত সম্পৃক্ততা বা কারো গাফিলতি আছে কিনা তা পর্যালোচনা করতে হবে।	সহকারী কমিশনার রাজস্ব মুন্সিখানা শাখা, সিলেট
৫	বিজ্ঞ সরকারি কৌশলি সভাকে অবহিত করেন যে, সম্প্রতি কিছু মামলার দফাওয়ারী জবাব সংক্ষিপ্ত হওয়ার কারণে বিজ্ঞ আদালতে প্রতিদ্বন্দিতা করতে সমস্যা হচ্ছে। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) গণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়।	মামলার জবাবসমূহ দফাওয়ারী আকারে প্রেরণ করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল)
৬	বিজ্ঞ সরকারি কৌশলি সভাকে অবহিত করেন যে, তাঁর কার্যালয়ে ১ জন অফিস সহকারী ও ১ জন অফিস সহায়ক কর্মরত আছেন। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ১ জন অফিস সহকারী ও ১ জন অফিস সহায়ক প্রয়োজন।	বিজ্ঞ সরকারি কৌশলি এর কার্যালয়ে ০১ অফিস সহকারী ও ১ জন অফিস সহায়ক বদলী/পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট ও প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা

পরিশেষে সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম কাজী এমদাদুল ইসলাম  
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৫.৯৯.০০২.২০.৮৪

তারিখ: ৪ আশ্বিন ১৪২৮


১৯ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

- ৩) উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), সিলেট
- ৪) সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
- ৫) রেভিনিউ ডেপুটি কালেক্টর, রাজস্ব (এসএ) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৬) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (এলএও), ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৭) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৮) বিজ্ঞ সরকারি কৌশলি, সিলেট/বিজ্ঞ সরকারি ভিপি কৌশলি/বিজ্ঞ অতিরিক্ত সরকারি কৌশলি/ বিজ্ঞ সহযোগী কৌশলি, সিলেট
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট



এম কাজী এমদাদুল ইসলাম  
জেলা প্রশাসক